

দেখায়ে দে কোথা আছে একটু বিরল ।
 এই স্মিয়মাণ মুখে তোমাদের এত সুখে
 বলো দেখি কোন্ প্রাণে ঢালিব গরল ।
 কিনা করিয়াছি তব বাড়াতে আমোদ—
 কত কষ্টে করেছিণু অশ্রুবারি রোধ ।
 কিন্তু পারি নে যে সখা— যাতনা থাকে না ঢাকা,
 মর্ম হতে উচ্ছ্বসিয়া উঠে অশ্রুজল ।
 ব্যথায় পাইয়া ব্যথা যদি গো শুধাতে কথা
 অনেক নিভিত তবু এ হৃদি-অনল ।
 কেবল উপেক্ষা সহি বলো গো কেমনে রহি ।
 কেমনে বাহিরে মুখে হাসিব কেবল ॥

Parjaay: Prem O Prokriti, Taal: Ara Theka, Raag: Desh
 Visit www.geetabitan.com for notation and other detail